



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

কৃষি ও পল্লী ঋণ বিভাগ

www.krishibank.gov.bd

সূত্রঃ বিকেবি/প্রকা/কৃপবি-৩২৫/২০২৫-২০২৬/৫৯১

তারিখঃ ০৯-০৩-২০২৬ খ্রিঃ

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ “১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃ অর্থায়ন স্কিম” এর আওতায় জানুয়ারি হতে ডিসেম্বর-২০২৬ পর্যন্ত ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্টের পত্র নং এফআইডি/১০২/২০২৬-৫১১ তারিখ ১৬-০২-২০২৬ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত পত্রের নির্দেশনার আলোকে “১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃ অর্থায়ন স্কিম” এর আওতায় জানুয়ারি-ডিসেম্বর, ২০২৬ পর্যন্ত ঋণ বিতরণের বিভাগওয়ারী লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলো।

এফআইডি সার্কুলার নং-০১ এর আওতায় নির্ধারিত লক্ষ্যমাত্রা :

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগের নাম	ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা (৩১ ডিসেম্বর, ২০২৬ তারিখের মধ্যে বিতরণযোগ্য)
১	ঢাকা	৫৩.০০
২	ময়মনসিংহ	২১.০০
৩	চট্টগ্রাম	২৭.০০
৪	খুলনা	১২.০০
৫	বরিশাল	২৪.০০
৬	সিলেট	২৩.০০
৭	কুমিল্লা	১৬.০০
৮	ফরিদপুর	১৩.০০
৯	কুষ্টিয়া	১০.৯৫
১০	এলপিও	০.০৫
মোটঃ		২০০.০০

সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকগণ (এলপিও ব্যতীত) উপরোক্ত লক্ষ্যমাত্রা মুখ্য আঞ্চলিক কার্যালয়/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখাসমূহের পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে পুনঃবন্টন করবেন। একইভাবে বিভাগীয় কার্যালয় হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ শাখাসমূহের মধ্যে বন্টন করবেন। বন্টনকৃত লক্ষ্যমাত্রা একীভূত করে বিভাগীয় কার্যালয়সমূহ আগামী ২৫.০৩.২০২৬ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করবেন। এছাড়া বিভাগীয় মহাব্যবস্থাপকগণ অঞ্চলসমূহের পারফরমেন্স ও বাস্তব অবস্থার নিরিখে নির্ধারিত সীমার মধ্যে বিভাগাধীন ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা সমন্বয়/পুনঃবিন্যাস করতে পারবেন। এ খাতে বিতরণকৃত ঋণের মাসিক ও ত্রৈমাসিক বিবরণী বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত এক্সেল ফরমেটে সঠিকভাবে প্রস্তুতপূর্বক পরবর্তী মাসের ০৮(আট) তারিখের মধ্যে বিভাগীয় কার্যালয়সমূহ এবং এলপিও কে প্রধান কার্যালয়ের কৃষি ও পল্লী ঋণ বিভাগে প্রেরণ করতে হবে। কোন অবস্থাতেই শাখা, মুখ্য আঞ্চলিক কার্যালয়/আঞ্চলিক কার্যালয়সমূহ ও কর্পোরেট শাখাসমূহকে সরাসরি কৃষি ও পল্লী ঋণ বিভাগে বিবরণী না পাঠানোর জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, এ খাতে ঋণ বিতরণের তথ্য Web Portal এ সঠিকভাবে আপলোড করতে হবে এবং পুনঃ অর্থায়ন প্রতিবেদনের সাথে Web Portal এর তথ্য হুবহু মিল থাকতে হবে।


চলমান পাতা-০২

বিষয়ঃ “১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃ অর্থায়ন ফিম” এর আওতায় জানুয়ারি হতে ডিসেম্বর-২০২৬ পর্যন্ত ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্টের ০৫.০৯.২০২১ তারিখের এফআইডি সার্কুলার নং- ০১ এবং অত্র বিভাগ কর্তৃক জারিকৃত পত্র নং- ৭১৪ তারিখ ০৩.০৬.২০২৪ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক আগামী ৩১ ডিসেম্বর, ২০২৬ তারিখের মধ্যে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের লক্ষ্যে অঞ্চলওয়ারী যথাযথ পদক্ষেপ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,



(মোঃ আসাদুজ্জামান খান)

উপমহাব্যবস্থাপক


ই-মেইলঃ dgmppd@krishibank.org.bd

সূত্রঃ বিকেবি/প্রকা/কৃপবি-৩২৫/২০২৫-২০২৬/৫৯১(১২৫০)

তারিখঃ ০৯.০৩.২০২৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।



(মোহাম্মদ শরিফুল ইসলাম)

সহকারী মহাব্যবস্থাপক

